গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
সংস্কার শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

নম্বর: ১৬.০০.০০০০.০২০.০২.০০১.২১.৩৭৭

তারিখ: ১৫ পৌষ ১৪২৮
৩০ ডিসেম্বর ২০২১

**অফিস আদেশ**

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংযোজনী ৬: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর আলোকে ন্যূনতম একটি সেবা ডিজিটাইজেশনের কার্যক্রম উল্লেখ রয়েছে। উক্ত কর্মপরিকল্পনা মোতাবেক ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে ২০২১-২২ অর্থবছরে তিনটি নতুন সেবাকে ডিজিটাইজেশনের উদ্যোগ গ্রহণ করা হয়ে। যা নিম্নরূপ:

১। হজ এজেন্সির ই-প্রোফাইল ম্যানেজমেন্ট।
২। ধর্মীয় প্রতিষ্ঠানে EFT এর মাধ্যমে অনুদান প্রদান।
৩। সরকারি ব্যবস্থাপনায় হজ গমনেচ্ছু ব্যক্তিদের প্রাক-নিবন্ধন রিফান্ড সিস্টেম।

উক্ত তিনটি সেবার মধ্যে প্রথম দুইটি সেবার (ক্রমিক ১ ও ২) ডিজিটাইজেশন সম্পন্ন হয়েছে এবং কার্যক্রম চলমান রয়েছে। ক্রমিক ৩ এ বর্ণিত সেবার ডিজিটাইজেশন এর কাজ চলমান রয়েছে, যা ২০২১-২২ অর্থবছরে বাস্তবায়ন করা হবে।

<u>বাস্তবায়িত ডিজিটাল সেবার সংক্ষিপ্ত বিবরণ</u>

**১। হজ এজেন্সির ই-প্রোফাইল ম্যানেজমেন্ট**

২০২১-২২ অর্থবছরে বেসরকারি ব্যবস্থাপনায় হজ কার্যক্রম পরিচালনার জন্য অনুমোদিত হজ এজেন্সির বিস্তারিত প্রোফাইল ম্যানেজমেন্ট সিস্টেম প্রস্তুত ও বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়। উক্ত সিস্টেমে হজ এজেন্সির স্বত্বাধিকারী/মালিক তার এজেন্সির যাবতীয় তথ্য (ফরম-২৫) পূরণ করে এবং প্রয়োজনীয় ডকুমেন্ট সংযুক্ত করে (ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, সিভিল এভিয়েশন সনদ, অফিস ভাড়া চুক্তিপত্র/মালিকানা দলিল ইত্যাদি) হজ ব্যবস্থাপনা সিস্টেমে সাবমিট করেন (লিংক: https://prp.pilgrimdb.org/)। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় থেকে অনুমোদিত ব্যবহারকারীর সিস্টেমে প্রদত্ত তথ্যের সঙ্গে যাবতীয় ডকুমেন্ট যাচাই-বাছাই এর মাধ্যমে তা সুপারিশ করা হচ্ছে এবং মন্ত্রণালয়ের একজন অনুমোদকারী তা অনুমোদন করছেন। কোন ডকুমেন্ট বা তথ্যের ঘাটতি বা গরমিল (Shortfall) থাকলে মন্ত্রণালয় থেকে অনুমোদিত ব্যবহারকারী তার বিবরণ উল্লেখ করে আবেদনটি নাকচ করে দিচ্ছেন এবং সংশোধনপূর্বক আবেদনকারী পুনরায় আবেদন প্রেরণ করছেন। এছাড়াও উক্ত প্রোফাইল ম্যানেজমেন্ট সিস্টেমে বিগত বছরগুলোতে হজ কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট এজেন্সির মামলা, শাস্তির তথ্যসহ প্রয়োজনীয় তথ্য এন্ট্রি করা হচ্ছে। অধিকন্তু, দ্রুত ও নির্ভুলভাবে এজেন্সি কর্তৃক প্রদানকৃত ট্রাভেল লাইসেন্স যাচাইয়ের জন্য বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের ট্রাভেল এজেন্সি সিস্টেমের সাথে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের হজ এজেন্সির প্রোফাইল ম্যানেজমেন্ট সিস্টেমের আন্তঃসংযোগ (Integration) স্থাপন করা হয়েছে। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক যাচাই সফলভাবে সম্পন্ন হওয়ার পর এজেন্সির তথ্য "ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক যাচাইকৃত" হিসেবে হজ বিষয়ক পোর্টালে প্রকাশ করা হচ্ছে।
উদাহরণ লিংক: https://prp.pilgrimdb.org/agencies/0928

**২। ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান ব্যবস্থাপনায় Electronic Funds Transfer (EFT) এর মাধ্যমে অনুদান প্রদান**

২০২১-২২ অর্থবছরে ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান ব্যবস্থাপনায় EFT এর মাধ্যমে অনুদান প্রদান বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়। আবেদনকারী ধর্মীয় প্রতিষ্ঠান হতে আবেদনের সাথে প্রতিষ্ঠানের ব্যাংক হিসাব সংক্রান্ত তথ্যসহ (হিসাবের

নাম, হিসাব নম্বর, ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর) আবেদন করছেন। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের একজন ব্যবহারকারী অনুদান প্রদানের নিমিত্ত নির্বাচিত ধর্মীয় প্রতিষ্ঠানের তথ্য সিস্টেমে প্রদান করছেন এবং একজন অনুমোদনকারী তা যাচাইয়ের পর অনুমোদন করছেন। পরবর্তীতে EFT'র মাধ্যমে আবেদনকারী প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবে স্বয়ংক্রিয়ভাবে অর্থ স্থানান্তর (Transfer) হচ্ছে। এ প্রক্রিয়াটি চলমান রয়েছে।

৩০-১২-২০২১

মোঃ আবুল কালাম আজাদ
সিনিয়র সহকারী সচিব
ফোন: +৮৮-০২-৯৫৪০১৬৪
ফ্যাক্স: +৮৮-০২-৯৫১২২৮৬
ইমেইল:
reform_sec@mora.gov.bd

নম্বর: ১৬.০০.০০০০.০২০.০২.০০১.২১.৩৭৭/১(৩২)

তারিখ: ১৫ পৌষ ১৪২৮
৩০ ডিসেম্বর ২০২১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সচিব, সমন্বয় ও সংস্কার, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।
২) অতিরিক্ত সচিব (উন্নয়ন), উন্নয়ন অনুবিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৩) অতিরিক্ত সচিব (হজ), হজ অনুবিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৪) অতিরিক্ত সচিব (সংস্থা ও আইন), সংস্থা ও আইন অনুবিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৫) মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
৬) ওয়াক্ফ প্রশাসক, বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়, ঢাকা।
৭) যুগ্মসচিব (প্রশাসন), প্রশাসন অনুবিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৮) যুগ্মসচিব (বাজেট ও অনুদান), বাজেট ও অনুদান অনুবিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৯) যুগ্মসচিব (বাজেট ও হিসাব), বাজেট ও হিসাব অধিশাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
১০) পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
১১) যুগ্মসচিব (সংস্থা) , সংস্থা অধিশাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
১২) উপসচিব (প্রশাসন), প্রশাসন অধিশাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
১৩) উপসচিব (উন্নয়ন), উন্নয়ন অধিশাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
১৪) উপসচিব (অনুদান), অনুদান অধিশাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
১৫) মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
১৬) উপসচিব, হজ-১ শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
১৭) সচিব, হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
১৮) সিস্টেমস এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
১৯) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
২০) সচিব, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
২১) সচিব, খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
২২) সিনিয়র সহকারী সচিব, অনুদান শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

২৩) সিনিয়র সহকারী সচিব, হজ-২ শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

২৪) সিনিয়র সহকারী সচিব, আইন শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

২৫) প্রোগ্রামার, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

২৬) সহকারী সচিব, সমন্বয় শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

২৭) সহকারী সচিব, সংস্থা-২ শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

২৮) সহকারী সচিব, প্রশাসন-২ শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

২৯) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

৩০) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

৩১) সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী , আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।।

৩২) অফিস কপি।

৩০-১২-২০২১
মোঃ আবুল কালাম আজাদ
সিনিয়র সহকারী সচিব